f¢Ÿjh‰ pIL¡l

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**

৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং, কলকাতা-700001

**Øj¡lL pwMÉ¡ :69 (18)/Bl.¢X./J/¢X¢fHg/1C-1/2008** **a¡lM x 02/01/2013**

প্রেরক : **¢cm£f f¡m, kÙ¹ p¢Qh**

f¡WL : **জেলা শাসক, ........................................................................................ (pLm)**

**বিষয় : গ্রাম পঞ্চায়েতের পরিকল্পনা ও বাজেট রচনার প্রক্রিয়াকে আরও শক্তিশালী ও বাস্তবমুখী করার উদ্দেশ্যে পরিকল্পনা ও বাজেট রচনার জন্য সময়-সীমার ক্ষেত্রে প্রয়োজন-¢i¢šL f¢lhae**

jq¡nu¡ / jq¡nu,

f¢Ÿমবঙ্গ পঞ্চায়েত আইনের ১৯(১)ক ধারা অনুসারে গ্রাম পঞ্চায়েত নিজ নিজ এলাকার সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদী এবং একটি বার্ষিক পরিকল্পনা রচনা ও রূপায়ণ করবে। এই কাজের অঙ্গ হিসাবে গ্রাম পঞ্চায়েতকে প্রতি বছর সুনির্দিষ্ট সময়ের মধ্যে উপ-সমিতি ভিত্তিক সমন্বিত পরিকল্পনা ও বাজেট রচনা করতa qu z উল্লেখ করা আবশ্যক যে, গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে রূপায়িত সকল প্রকল্প/তহবিলের আওতাভুক্ত কাজ ও তার বাজেট এই সমন্বিত পরিকল্পনার মধ্যে ধরতে হবে। পরবর্তী সময়ে প্রয়োজন অনুসারে এই সমন্বিত পরিকল্পনা ও বাজেট থেকে তহবিল/কর্মসূচি ভিত্তিক আলাদা আলাদা কর্ম পরিকল্পনা তৈরি করা যেতে পা¢l z pj¢ea NÊ¡j পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেট রচনার জন্য সংশ্লিষ্ট আইন ও বিধির উপর ভিত্তি করে ইতিমধ্যেই এই বিভাগ থেকে একটি নির্দেশনামা প্রকাশ করা হয়েছিল [**Øj¡lL ew 3443/ ¢f.He./J/3L/3¢h-1/09 a¡w 31/07/2009** ] z পরিকল্পনা ও বাজেট রচনার প্রক্রিয়াকে আরও শক্তিশালী ও বাস্তবমুখী করার উদ্দেশ্যে কার্যক্ষেত্রে নিম্নলিখিত পরিবর্তনগুলি অনুসরণ করা যেতে পারে।

L) গ্রাম পঞ্চায়েত প্রতি বছর ৩১শে জুলাই বা তার আগে সুচিন্তিত অনুমানের উপর ভিত্তি করে বিভিন্ন সূত্র থেকে আগত বছরের সম্ভাব্য তহবিলের পরিমাণ নির্ধারণের প্রক্রিয়াটি শেষ করবে। এই তহবিল নির্ধারণ করে প্রধান অর্থ ও পরিকল্পনা Ef-সমিতির একটি সভা ডাকবেন এবং সভায় উপস্থিত অন্যান্য সদস্যদের সঙ্গে আলোচনা করে উপ-সমিতি ভিত্তিক বাজেটের রূপরেখা প্রস্তুত করার উদ্দেশ্যে প্রত্যেক উপ-p¢j¢al জন্য মোট তহবিল থেকে নির্দিষ্ট পরিমাণ তহবিল নির্ধারণ করে দেবেন।

M) এরপর প্রত্যেক উপ-সমিতি তার জন্য নির্ধারিত তহবিল এবং মে মাসের বার্ষিক গ্রাম সংসদ সভা থেকে উঠে আসা চাহিদা ও অন্যান্য তথ্যের উপর ভিত্তি করে নিজ নিজ উপ-সমিতির পরিকল্পনা রচনা করবে Hhw Ef-সমিতির সচিবের সহায়তায় ৩৫নং ফর্মে তাদের বাজেটের রূপরেখা প্রস্তুত করবে। উপ-সমিতিগুলি ১৫ই সেপ্টেম্বর বা তার আগে গ্রাম পঞ্চায়েতের প্রধানের কাছে তার নিজের f¢lLÒfe¡ J বাজেট পেশ করবে।

N) Ef-সমিতি ভিত্তিক পরিকল্পনা ও বাজেটের রূপরেখা পাওয়ার পর ১লা অক্টোবরের মধ্যে গ্রাম পঞ্চায়েত নির্দিষ্ট ছকে **fË¡b¢jL Mps¡** পরিকল্পনা ও বাজেট (ফর্ম ৩৬) তৈরি করবে এবং ১০ই অক্টোবর বা তার আগে অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভায় বিবেচনার জন্য পেশ করতে হবে। HC fË¡b¢jL Mps¡ পরিকল্পনাতে যা যা কর্মসূচি নেওয়া হবে তার সংখ্যা, প্রকৃতি এবং তা রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থের

পরিমাণ উল্লেখ থাকবে। অর্থ ও পরিকল্পনা উপ-সমিতির সভায় এই বিষয়ে যে অভিমত ও সিদ্ধান্ত গ্রহণ করা হবে তার ভিত্তিতে প্রয়োজন অনুসারে পরিকল্পনা ও বাজেটের প্রাথমিক খসড়া রূপরেখায় পরিবর্তন করা হবে।

O) গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেটের প্রাথমিক খসড়া রূপরেখা অর্থ ও পরিকল্পনা উপ-p¢j¢al p¡i¡u আলোচনার পর ৩০শে অক্টোবরের মধ্যে গ্রাম পঞ্চায়েতের বিশেষ সাধারণ সভায় পেশ করতে হবে। গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভা এই প্রাথমিক খসড়া পরিকল্পনা ও বাজেট নিয়ে আলোচনা করবে এবং যদি সেখানে কোনও সংশোধনের প্রয়োজন হয় তা করে এই পরিকল্পনা ও বাজেটকে **Mps¡** গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেট হিসাবে গ্রহণ করবে।

P) এই খসড়া গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেট গ্রাম সংসদের o¡Z¡pL সভায় পেশ করতে হবে। গ্রাম সংসদ সভায় যদি এই খসড়া পরিকল্পনা ও বাজেট সম্বন্ধে কোনও আপত্তি বা পরামর্শ আসে তাহলে তা লিখিতভাবে নথিভুক্ত করতে হবে। এছাড়া গ্রাম সংসদের সদস্যদের জানানোর জন্য খসড়া বাজেটের কপি ৫ই নভেম্বরের মধ্যে গ্রাম পঞ্চায়েত নোটিশ বোর্ড এবং গ্রাম পঞ্চায়েত এলাকার কমপক্ষে দুইটি উল্লেখযোগ্য স্থানে প্রকাশ করতে হবে। এছাড়া ৭ই নভেম্বরের মধ্যে খসড়া বাজেটের একটি কপি সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিতে তাদের মতামতের জন্য পাঠাতে হবে। পঞ্চায়েত সমিতি ২৫শে নভেম্বরের মধ্যে তাদের যদি কোনও মতামত থাকে তাহলে তা গ্রাম পঞ্চায়েতকে পাঠাতে পারে।

Q) গ্রাম সংসদ সভাগুলি থেকে যে সমস্ত আপত্তি বা পরামর্শ এসেছে সেগুলি এবং খসড়া বাজেটের উপর পঞ্চায়েত সমিতির থেকে প্রাপ্ত মতামত সহ সমগ্র খসড়া গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা ও বাজেট গ্রাম সভার অধিবেশনে পেশ করতে হবে। গ্রাম সভার অধিবেশনে যে সকল আপত্তি বা পরামর্শ পাওয়া যাবে তা লিখিতভাবে নথিভুক্ত করতে হবে।

R) প্রত্যেক গ্রাম পঞ্চায়েত ৩১শে ডিসেম্বরের মধ্যে বিশেষভাবে ডাকা গ্রাম পঞ্চায়েতের সাধারণ p¡i¡u Mps¡ গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা নিয়ে আলোচনা করবে এবং সমস্ত আপত্তি, পরামর্শকে মাথায় রেখে উপ-p¢j¢a ¢i¢šL **Qs¡¿** গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা গ্রহণ করবে। মনে রাখা প্রয়োজন, পরিকল্পনা চূড়ান্ত করার জন্য বিশেষভাবে ডাকা গ্রাম পঞ্চায়েত সভার আগেই খসড়া পরিকল্পার উপর পরিবেশগত ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো অনুসারে পর্যালোচনা করে নিতে হবে, যাতে সমস্ত রকম প্রয়োজনীয় সংশোধন পরিকল্পনা চূড়ান্ত করার আগে করে নেওয়া সম্ভব হয়।

S) চূড়ান্ত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনার ভিত্তিতে ৩১শে জানুয়ারির মধ্যে গ্রাম পঞ্চায়েতের বিশেষ সাধারণ সভায় পরবর্তী আর্থিক বছরের বাজেট চূড়ান্ত করতে হCh z মনে রাখা প্রয়োজন, চূড়ান্ত গ্রাম পঞ্চায়েত পরিকল্পনার উপর ভিত্তি করে সংশ্লিষ্ট উপ-সমিতিগুলির বাজেটের রূপরেখায় (ফর্ম ৩৫) যে পরিবর্তন হল তা জানুয়ারি মাসে চূড়ান্ত বাজেট (ফর্ম ৩৬) গ্রহণ করার আগে সংশ্লিষ্ট উপ-সমিতির সভাগুলিতে গ্রহণ করে নিতে হবে।

উপরে উল্লিখিত প্রক্রিয়া অনুসরণের অভিজ্ঞতার উপর ভিত্তি করে পরবর্তী সময়ে এই প্রক্রিয়ায় পুনরায় প্রয়োজন মাফিক পরিবর্তন করা যেতে পারে।

B fe¡l ¢hnÙ,

(¢cm£f f¡m)

**Øj¡IL pwMÉ¡ :69 (18)/1 (3700)/BI.¢X./J/¢X¢fHg/1C-1/2008 a¡¢lM x 02/01/2013**

এই পত্রের প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেওয়া হল :

(১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ।

(২) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ........................................................................ জেলা পরিষদ (pLm) z

(৩) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ........................................................................ (pLm) z জেলার সকল pj¢ø Eæue আধিকারিককে এই পত্রের প্রতিলিপি পাঠানোর জন্য অনুরোধ জানাই।

(4) pj¢ø Eæue B¢dL¡¢IL,........................................................................(সকল)। ব্লকের সকল গ্রাj পঞ্চায়েতকে এই পত্রের প্রতিলিপি পাঠানোর জন্য অনুরোধ জানাই।

(৫) প্রধান, গ্রাম পঞ্চায়েত ........................................................................(সকল) z

(6) nÑ¡a£ / nË..............................................................................................................................

(¢cm£f f¡m)

kÀ p¢Qh